# ইসি-র বিষয় মার্কা বরাদ্দ, বিএনপি কাউকে বাধা দেয়নি: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দলটি কারও নির্বাচনী মার্কা দিতে বাধা দেয়নি; এটি নির্বাচন কমিশনের এখতিয়ার। তিনি অভিযোগ করেন, ধানের শীষের জনপ্রিয়তা ঠেকাতে অযথা বিতর্ক তৈরি করা হচ্ছে।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, “কারও মার্কা দিতে বিএনপি বাধা দেয়নি, এটি সম্পূর্ণ নির্বাচন কমিশনের বিষয়।” তিনি মনে করেন, ধানের শীষ জনগণের মনে অপ্রতিরোধ্য প্রতীক হয়ে উঠেছে বলেই সেটিকে ঘিরে অযথা টানাপোড়েন সৃষ্টি করা হচ্ছে।

শুক্রবার (১০ অক্টোবর) রাজধানীতে এক আলোচনা সভায় এসব কথা বলেন তিনি।

তিনি আরও বলেন, “গণতন্ত্রে ফিরে যাওয়ার একমাত্র উপায় হলো সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন। যত সংস্কারই করা হোক না কেন, নির্বাচনের মাধ্যমে জনগণের সরকার প্রতিষ্ঠিত না হলে প্রকৃত গণতন্ত্রে উত্তরণ সম্ভব নয়।”

মির্জা ফখরুল অভিযোগ করেন, বিএনপিকে সংস্কার ইস্যুতে জড়িয়ে মিথ্যা প্রচারণা চালানো হচ্ছে, যা উদ্দেশ্যমূলক। তিনি বলেন, নির্ধারিত সময়েই নির্বাচন হতে হবে—অন্যথায় সেটি গ্রহণযোগ্য হবে না। একই সঙ্গে তিনি সতর্ক করেন, “আমলাতন্ত্রকে কোনো দলের পকেটে ভরার চেষ্টা হলে বিএনপি তা মেনে নেবে না।”

তিনি নিরপেক্ষ প্রশাসনের প্রয়োজনীয়তার ওপর জোর দিয়ে বলেন, “নির্বাচনের সময় সম্পূর্ণ নিরপেক্ষ আমলাতন্ত্র নিশ্চিত করতে হবে, নতুবা জনগণ সেই নির্বাচন প্রত্যাখ্যান করবে।”